

টিসিবির ট্রাক থেকে পেঁয়াজ না কিনলে মিলবে না অন্য পণ্য

প্রকাশ : ২৩ ফেব্রুয়ারি ২০২১, ১৮:০৭ | অনলাইন সংস্করণ

শফিকুল ইসলাম



টিসিবির ট্রাকে পেঁয়াজ বিক্রি হচ্ছে। ছবি: সংগৃহীত

স্বল্প আয়ের মানুষদের সুবিধার্থে সরকারের বিপণন সংস্থা ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) দেশের বিভিন্ন স্থানে পণ্য বিক্রি শুরু করে। যেখানে বাজার মূল্যের চেয়ে কম দামে পণ্য বিক্রি করা হয়। কিন্তু সরেজমিনে দেখা যায়, কোনো ক্রেতা ইচ্ছে করলেই টিসিবি থেকে তার প্রয়োজনীয় পণ্য কিনতে পারছেন না। টিসিবি থেকে পণ্য কিনতে হলে সাথে অবশ্যই পাঁচ থেকে দশ কেজি পেঁয়াজ নিতে হচ্ছে। যা অনেকেরই প্রয়োজন না থাকায় এই বিপণন সংস্থা থেকে মুখ ফিরিয়ে নিচ্ছেন।

টিসিবির দেওয়া পণ্য বাজার নিয়ন্ত্রণের কার্যকরী ভূমিকা রাখার কথা থাকলেও এটা যেন এখন সাধারণ মানুষদের কাছে গলার কাটা হয়ে দাঁড়িয়েছে। বিশেষ করে ছোট পরিবারের জন্য এখন যেন টিসিবি পণ্য কেনা সম্ভবই হচ্ছে না। কারণ এখান থেকে কোনো পণ্য কিনতে হলে ৫-১০ কেজি পেঁয়াজ নিতেই হবে। যা দীর্ঘদিন ঘরে রেখে খাওয়া সম্ভব না। এতে একদিকে যেমন স্বল্প আয়ের মানুষদের তেমন কোনো উপকার হচ্ছে না, অন্যদিকে বিফলে যাচ্ছে সরকারের এই মহৎ উদ্যোগ।

পেঁয়াজের ঝাঁজ নিয়ে সরকারকে অনেক সময়ই সমালোচনায় পড়তে হয়। এক কেজি পেঁয়াজ কিনতে তিনশো টাকাও গুনতে হয়েছে। সেই পেঁয়াজই এখন সরকারের গলার কাটা হয়ে দাঁড়িয়েছে। এখন দেশে পেঁয়াজের মৌসুম শুরু হওয়ায় ৩০০ টাকার পেঁয়াজ নেমে এসেছে ২৫-৩০ টাকায়। আর আমদানিকৃত পেঁয়াজ বিক্রি হচ্ছে ১৫-২০ টাকায়। ফলে এখন আর ক্রেতাদের টিসিবির পেঁয়াজে আগ্রহ নেই।

পেঁয়াজের বিক্রি বাড়াতে টিসিবি তাদের সয়াবিন তেল, চিনি, মসুর ডালের সঙ্গে পেঁয়াজ বিক্রি অঘোষিত ভাবে বাধ্যতামূলক করা হয়েছে। এতে করে আরো টিসিবির পণ্য থেকেই মুখ ফিরিয়ে নিচ্ছেন ক্রেতারা। দিন শেষে অনেক ডিলারের কাছেই অবিক্রীত অবস্থায় অনেক পণ্যই থেকে যাচ্ছে।

এ প্রসঙ্গে টিসিবির মুখপাত্র হুমায়ুন কবির ইত্তেফাক অনলাইনকে বলেন, বাজারে পেঁয়াজের অস্থিরতা ঠেকাতে টিসিবি ১ লাখ ২০ হাজার টন পেঁয়াজ আমদানির চুক্তি করেছিলো। যার বেশির ভাগ বিক্রি হলেও ২০ হাজার টনের মতো এখনো আছে। আশা করছি মার্চের মধ্যেই এই পেঁয়াজ বিক্রি হয়ে যাবে।

অন্য কোন পণ্যের সঙ্গে পেঁয়াজ কেনার কোনো বাধ্যবাধকতা আছে কিনা জানতে চাইলে হুমায়ুন কবির বলেন, এই ধরনের কোনো নিয়ম আমরা কখনও করি নাই। ডিলাররা হয়তো তাদের ব্যবসার সুবিধার্থে এই নিয়ম চালু করেছে। তবে ৫ বা ১০ কেজি পেঁয়াজ কিনতেই হবে এটাও মানতে রাজি নয় টিসিবির এই মুখপাত্র।

ইত্তেফাক/এসআই

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

বিজ্ঞাপন (ক্লিক করুন):

|